রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৪ সনের ৫১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৯, ২০২৪

## সূচীপত্র


| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ম | খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৯৫৯—৯৭৮ |
| ২য় | খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ২৭১৭—২৭৫৫ |
| ৩য় | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৩৭—৩৪৩ |
| ৪র্থ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম | খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ | খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২২৮৫—২২৯৬ |

| | | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ৭ম | খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম | খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) | . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) | . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) | . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) | . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) | . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) | ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩১/১৮ নভেম্বর ২০২৪

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১০০.২০২৪-৬০৮**—যেহেতু, আপনি জনাব শাহজাহান আহম্মেদ (বিপি-৮১০৮১২০৮৪৮), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), মোরেলগঞ্জ থানা, বাগেরহাট, সাবেক ইনচার্জ হিসাবে ইতঃপূর্বে রাজগঞ্জ তদন্ত কেন্দ্র, মনিরামপুর থানা, যশোরে থাকাকালীন গত ০৬-০২-২০২১ তারিখ জনৈক মোঃ নাইম ইসলাম (২২) এর মোটরসাইকেল ছিনতাইকারী সন্দেহে জনাব মোঃ বোরহান কবির (২০) সকাল আনুমানিক ০৯·৩০ ঘটিকায় গনপিটুনির শিকার হয়ে গুরুতর জখম হন। উক্ত ঘটনার সংবাদ পেয়ে এসআই (নিরস্ত্র), জনাব তপন কুমার নন্দি; এএসআই (নিরস্ত্র), জনাব অসীম কুমার রায় ও কনস্টেবল জনাব মোঃ সাইদুর রহমান ঘটনাস্থলে আসেন এবং ঘটনাস্থল থেকে সকাল ১১·৩০ ঘটিকায় জখমপ্রাপ্ত জনাব মোঃ বোরহান কবির ও মারপিটকারী জনৈক মোঃ নাইম ইসলামদ্বয়কে মোটরসাইকেল ও একটি বাইসাইকেলসহ রাজগঞ্জ পুলিশ তদন্ত কেন্দ্রে নিয়ে যান। স্থানীয় চিকিৎসক জনৈক সিরাজুল ইসলামকে অনুরোধ করলে দুপুর আনুমানিক ১২·০০ ঘটিকায় রাজগঞ্জ পুলিশ তদন্ত কেন্দ্রে গিয়ে জনাব মোঃ বোরহান কবিরের প্রাথমিক চিকিৎসা করেন। গণপিটুনির ঘটনাটি জানার পর জনাব মোঃ বোরহান কবিরের মা আত্মীয়-স্বজনসহ রাজগঞ্জ পুলিশ তদন্ত কেন্দ্রে আনুমানিক ১২·১০ ঘটিকার

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

মধ্যে আসেন। জনাব মোঃ বোরহান কবিরের মা ও আত্মীয়-স্বজন জনাব মোঃ বোরহান কবিরকে রাজগঞ্জ পুলিশ তদন্ত কেন্দ্রের বাহিরে বসে থাকতে দেখেন। জনাব মোঃ বোরহান কবিরের মা ও আত্মীয়-স্বজন কর্তৃক আনীত এ্যাম্বুলেন্সযোগে জনাব মোঃ বোরহান কবিরকে নিয়ে আনুমানিক দুপুর ০১:০০ ঘটিকায় মণিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করা হয়। মণিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে জনাব মোঃ বোরহান কবিরকে ঢাকার নিউরোসাইন্সেস হাসপাতালে নিয়ে যাওয়া হয়। নিউরোসাইন্সেস হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গত ০৭-০২-২০২১ তারিখ জখমপ্রাপ্ত জনাব মোঃ বোরহান কবির মারা যান। ঘটনাস্থলে প্রেরিত পুলিশ সদস্যগণকে গুরুতর জখম জনাব মোঃ বোরহান কবিরকে ঘটনাস্থল হতে উদ্ধার করে সরাসরি নিকটবর্তী সরকারি হাসপাতালে চিকিৎসার জন্য প্রেরণ করার নির্দেশ প্রদান করা জরুরি ছিল। আপনি পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), জনাব শাহজাহান আহম্মেদ (বিপি-৮১০৮১২০ ৮৪৮) তা করেননি। আপনার কার্যকলাপ দ্বারা এমন আচরণ প্রদর্শন করেছেন যা অদক্ষতা, দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২ (খ) মোতাবেক অসদাচরণ হিসাবে পরিগণিত হওয়ায় আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(২)(খ) মোতাবেক অসদাচরণ হিসাবে পরিগণিত হওয়ায় আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি নং-৪(২)(খ) মোতাবেক লঘুদণ্ড হিসাবে "০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত" এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে আপনি আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, আপনার আবেদন অনুযায়ী গত ১৩-১১-২০২৪ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপিলকারী কর্মকর্তা হিসেবে আপনি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের ধরণ, গুরুত্ব ও মাত্রা বিবেচনায় প্রদত্ত দণ্ড মাত্রাতিরিক্ত প্রতীয়মান হওয়ায় ন্যায় বিচার প্রতিষ্ঠার নিমিত্ত উক্ত দণ্ড হ্রাস করা আবশ্যক মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, আপনি জনাব শাহজাহান আহম্মেদ (বিপি-৮১০৮১২০৮৪৮), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), মোরেলগঞ্জ থানা, বাগেরহাট ও সাবেক ইনচার্জ, রাজগঞ্জ তদন্ত কেন্দ্র, মনিরামপুর থানা, যশোর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি নং-৪(২)(খ) মোতাবেক লঘুদণ্ড হিসাবে "০২ (দুই) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত" দণ্ডাদেশ হ্রাস করে একই বিধি মোতাবেক "০১ (এক) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত" দণ্ডের আদেশ প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.০২৪.২৪-৬০৯**—যেহেতু, আপনি জনাব মোঃ নুরুল মোত্তাকিন, পিপিএম-বার (বিপি-৬৮৯১০৪০ ৩৩৮), সহকারী পুলিশ কমিশনার, প্রসিকিউশন বিভাগ, ডিএমপি, ঢাকা গত ২৬-০৪-২০২২ তারিখ হতে কর্মরত আছেন। গত ২০-১১-২০২২ তারিখ কাশিমপুর কারাগার থেকে ৮ জন সাজাপ্রাপ্ত জঙ্গী সদস্যকে গাজীপুর মেট্রোপলিটন পুলিশের সদস্যরা স্কর্ট করে বিজ্ঞ সিএমএম কোর্ট, ঢাকার হাজতখানায় ডিএমপি'র প্রসিকিউশন বিভাগের নিকট বুঝিয়ে দেয়। ঐ দিন উক্ত ৮ জন জঙ্গীসহ মোট ১৪ জন জঙ্গী সদস্যকে সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল আদালতে হাজির করা হয়। ডিএমপি'র প্রসিকিউশন বিভাগের ৪ জন পুলিশ সদস্য এই ১৪ জন জঙ্গীকে বিজ্ঞ আদালতে হাজির করে। বিজ্ঞ আদালতের কার্যক্রম শেষে উক্ত ১৪ জন আসামির মধ্য থেকে জাগৃতি প্রকাশনীর স্বত্বাধিকারী ফয়সাল আরেফিন দীপন ও ব্লগার অভিজিৎ রায় হত্যা মামলার দণ্ডপ্রাপ্ত ৪ জন সদস্যকে পুলিশ কনস্টেবল/ ৫১৯৮ মোঃ নূরে আজাদ একাকী হাজতখানায় ফিরিয়ে আনার জন্য বিজ্ঞ আদালত থেকে রওনা দেয়। হাজতখানায় নিয়ে আসার পথে আনুমানিক দুপুর ১২:১৫ ঘটিকায় বিজ্ঞ সিজেএম আদালতের মেইন গেটে পৌছানোর আগেই কনস্টেবল মোঃ নূরে আজাদের চোখে পিপার স্প্রে করে মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি ২ (দুই) জন জেএমবি সদস্যকে সহযোগীরা ছিনিয়ে নিয়ে যায়। এ সময় অন্য ২ জন জঙ্গী কনস্টেবল মোঃ নূরে আজাদকে মারপিট করে পালিয়ে যাওয়ার চেষ্টা করে। পরে কর্তব্যরত অন্যান্য পুলিশ সদস্যরা কনস্টেবল মোঃ নূরে আজাদকে রক্তাক্ত জখম অবস্থায় উদ্ধার করে এবং পালিয়ে যাওয়ার চেষ্টা করা অপর ২ জন জঙ্গীকে আটক করে সিএমএম কোর্ট হাজতখানায় জমা দেয়। আপনি এসি (প্রসিকিউশন) হিসেবে অধঃস্তন কর্মকর্তাদের তদারকির দায়িত্ব সঠিকভাবে পালন করেননি। বিজ্ঞ সিএমএম কোর্টে হাজতখানায় গত ২০-১১-২০২২ তারিখ সকাল ৮:১৫ ঘটিকায় কাশিমপুর কারাগার থেকে আসা ৮ জন জঙ্গীর বিষয়ে আপনি কিছুই জানতেন না এবং ঊর্ধ্বতন কর্মকর্তাদেরও তা অবহিত করেননি। এমনকি মৃত্যুদণ্ড প্রাপ্ত ২ (দুই) জন আসামিকে ছিনিয়ে নেয়ার বেশ পরে আপনি ঘটনা সম্পর্কে জানতে পারেন। আপনার উপর অর্পিত দায়িত্ব পালনে ব্যর্থতার কারণে সৃষ্ট ঘটনায় জনসম্মুখে পুলিশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হয়েছে। আপনার এহেন কার্যকলাপ কর্তব্যকর্মে উদাসীনতা, অপেশাদারিত্ব ও অবহেলার পরিচায়ক এবং বিভাগীয় নিয়মশৃঙ্খলা পরিপন্থী তথা অসদাচরণের শামিল সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মতে "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন। তদপ্রেক্ষিতে আপনার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। আপনার কারণ দর্শানোর জবাব এবং প্রাসঙ্গিক সকল তথ্যাদি পর্যালোচনা করে আপনার বক্তব্য গ্রহণযোগ্য নয় এবং অভিযোগের সত্যতা সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর-৪(২)(ক) মোতাবেক লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

৩। সেহেতু, জনাব মোঃ নুরূল মোত্তাকিন, পিপিএম-বার (বিপি-৬৮৯১০৪০৩৩৮), সহকারী পুলিশ কমিশনার, প্রসিকিউশন বিভাগ, ডিএমপি, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, আত্মপক্ষ সমর্থনে আপনার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে উভয়পক্ষের বক্তব্য পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনিত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে, বিধায় আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) মোতাবেক লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১৩২.২০২৪-৬১০**—যেহেতু, আপনি জনাব মাহমুদ সাইফুল আমিন (বিপি-৭৬০১০৫৫৩২৭), বর্তমানে এসআই, ১৩ এপিবিএন, উত্তরা, ঢাকা ও ইতঃপূর্বে পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), ১৩ এপিবিএন, উত্তরা, ঢাকা হিসেবে কর্মরত থাকাকালে গত ২০-০৯-২০১৯ তারিখ ফেসবুক পেইজে (Saif Amin নামক) "ক্লাব-জুয়া-সাংসদ এবং ওসি" শিরোনামে একটি স্ট্যাটাস দেন। উক্ত স্ট্যাটাসের প্রেক্ষিতে ২৩-০৯-২০১৯ তারিখ দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় "জুয়া থেকে হুইপের আয় ১৮০ কোটি টাকা, দাবি পুলিশ পরিদর্শকের" শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয় এবং এবং গত ০২-০৯-২০১৯ তারিখ আপনি ফেসবুক পেইজে স্ট্যাটাসে উল্লেখ করেছেন যে, "ক্যাসিনো, ফ্লাশ, হাউজি, হাজারি, কাইট, পয়সা (চাঁন তারা)" এগুলো আবহমান কাল থেকেই মহানগর ও জেলা সদরের ওসিদের বিনা ঝামেলায় মোটা টাকা পাওয়ার পথ। মহানগরের ফ্ল্যাট কেন্দ্রিক দেহ ব্যবসা, ম্যাসেজ পার্লারগুলো ওসি সাহেবদের ২য় ইনকাম, জেনারেটিং এসিস্ট্যান্স করে, থানার ক্যাশিয়ার কালেকশন করে ওসির প্রতিনিধি হিসেবে। ক্লাবপাড়ার ওসিরা এই দুই খাত থেকেই দৈনিক ৫ লাখ করে নিলেই মাসে সেটা দেড় কোটিতে পৌছায়। আবার আছে থানার সিভিল টিম, সিয়েরা ডে/নাইট, লিমা ডে/নাইট, গল্ফ ডে/নাইট, এরপর ডিবি। ডিবি কালেকটিভ নেয় না, লিস্ট অনুযায়ী ইন্ডিভিজুয়াল কালেকশন। প্রতি মাসেই স্ব-স্ব ইউনিট থেকে কর্মরত অফিসারদের তালিকা আপডেট করে হাউজগুলোতে পাঠানো হয়। বাকী থাকে মাদক, ওসিরা এখন মাদকের টাকা নেয় না। মফস্বলের ওসিরা চায় সারা বছর মেলা। মেলা মানে ধামাকা নৃত্য, জুয়া, হাউজি, ওয়ান/টেন আর ডাব্বা খেলা। দৈনিক ওসির ৫০ হাজার, মাসান্তে ১৫ লক্ষ টাকা। এহেন কার্যকলাপ বিভাগীয় নিয়ম শৃঙ্খলার পরিপন্থি ও অসদাচরণের শামিলের হওয়ায় আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ক) মোতাবেক গুরুদণ্ড হিসাবে "০৩ বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ" এর আদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে আপনি আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, আপনার আবেদন অনুযায়ী গত ১৩-১১-২০২৪ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকারপক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপিলকারী কর্মকর্তা হিসাবে আপনি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগের সত্যতা পাওয়া যায়নি মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, আপনি জনাব মাহমুদ সাইফুল আমিন (বিপি-৭৬০১০৫৫৩২৭), বর্তমানে এসআই, ১৩ এপিবিএন, উত্তরা, ঢাকা ও সাবেক পুলিশ পরিদর্শক (নিরস্ত্র), ১৩ এপিবিএন, উত্তরা, ঢাকা- কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ক) মোতাবেক গুরুদণ্ড হিসেবে "০৩ বছরের জন্য নিম্নপদে অবনমিতকরণ" দণ্ডাদেশ সার্বিক পর্যালোচনায় মওকুফ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০৫৮.২৭.১৩৩.২০২৪-৬১১**—যেহেতু, আপনি জনাব মোহাম্মদ আব্দুল হক, (বিপি-৭৭০৪১০৬৯২১), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) দাকোপ থানা, খুলনা (সাবেক অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানা, নারায়ণগঞ্জ) এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-১৯১. তারিখঃ ১৫-১১-২০২১ খ্রিঃ সংক্রান্তে আনীত অভিযোগ অর্থাৎ অভিযুক্ত পুলিশ পরিদর্শক অফিসার-ইনচার্জ হিসাবে দায়িত্ব পালনকালে গত ২২-০৫-২০১৮ খ্রিঃ তারিখ জনৈক বাচ্চু মিয়া, মাতা-ফুলেছা খাতুন, সাং-গুনখোলা, থানা-ঝিনাইগাতি, জেলা-শেরপুর র‍্যাবের সাথে বন্দুক যুদ্ধে নিহত হন। উক্ত ঘটনা সংক্রান্তে আড়াইহাজার থানায় র‍্যাব কর্তৃক ০৩টি মামলা রুজু হলে উল্লিখিত মামলায় অন্যান আলামতের সাথে নিহত বাচ্চু মিয়ার ব্যবহৃত NISSAN X TRAIL গাড়িটি (যার ইঞ্জিন নং- MR20-289877B, চেসিস নং-T31-201170, জব্দ করা হয়। পরবর্তীতে অভিযুক্ত পুলিশ পরিদর্শক অনুমান গত ২৭-২৮ জুলাই ২০১৮ খ্রিঃ ১১.০০ হতে ১২.০০ ঘটিকার মধ্যে "ম্যাক্স পাওয়ার বাংলাদেশ" এর গাড়ির শো-রুম কাকরাইলে গিয়ে-জব্দকৃত আলামত সিলভার রংয়ের NISSAN X TRAIL গাড়িটির কাগজপত্র আপনার মামা শ্বশুর মোঃ মাসুদ রানার নামে করে দিতে চাপ প্রয়োগসহ প্রভাব বিস্তার করেন এবং পুনরায় আপনার মামা শ্বশুরের নামে গাড়ী ক্রয়ের রশিদ সংগ্রহ করেন। অতঃপর ঐ ক্রয় রশিদ ব্যবহার করে গাড়িটি রেজিস্ট্রেশন করেন। আপনি ব্যক্তিগত কাজে ব্যবহারসহ থানা এলাকায় রাত্রীবেলা গাড়িটি নিয়ে ঘুরাফেরা করেন। কয়েক মাস পর নিহত বাচ্চু মিয়ার মা থানায় গিয়ে গাড়ীটি নিতে চাইলে গাড়ী ছাড়ানো বাবদ অভিযুক্ত পুলিশ পরিদর্শক ১০,০০,০০০/- টাকা দাবী করেন। গাড়ী না পেয়ে নিহত বাচ্চু মিয়ার মা ফুলেছা খাতুন গত ২৮-০২-২০১৯ খ্রিঃ ফতুল্লা থানায় আপনার মামা শ্বশুর মোঃ মাসুদ রানার বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন। তদন্তকারী কর্মকর্তা তদন্ত সমাপ্ত করে মতামত প্রদান করে। জনাব মিয়া র‍্যাব কর্তৃক ক্রসফায়ারে নিহত সংক্রান্তে মামলার ঘটনায় জব্দকৃত ও থানায় হস্তান্তরকৃত NISSAN X TRAIL মডেলের ০১টি গাড়ি (যার ইঞ্জিন নং-MR20-289877B, চেসিস নং-T31-201170) যথাসময়ে থানার সম্পত্তি রেজিস্টারে উত্তোলন না করাসহ বিধি সম্মতভাবে তা নিষ্পত্তিতে আপনি যথাযথ তদারকিমূলক ব্যবস্থা গ্রহণ করেননি। অভিযুক্তের এহেন কার্যকলাপ অসদাচরণের শামিল। বিষয়টি প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩) উপ-বিধি ১(ক) মোতাবেক আগামী ০২ (দুই) বছরের জন্য "নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ডাদেশ প্রদান করা হয়। প্রদত্ত দণ্ডে সংক্ষুব্ধ হয়ে আপনি আপিল আবেদন করেন; এবং

২। যেহেতু, আপনার আবেদন অনুযায়ী গত ১৩-১১-২০২৪ তারিখ আপিল শুনানি গ্রহণ করা হয়। সরকার পক্ষের প্রতিনিধি অভিযোগের স্বপক্ষে বক্তব্য রাখেন। অপরদিকে আপিলকারী কর্মকর্তা হিসেবে আপনি আপনার বিরুদ্ধে আনীত অভিযোগে প্রদত্ত দণ্ড মওকুফের প্রার্থনা করেন; এবং

৩। যেহেতু , আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, দাখিলকৃত লিখিত জবাব, আপিল শুনানিকালে পক্ষগণের বক্তব্য ও প্রাসঙ্গিক তথ্যাদি পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণের বিষয়ে দণ্ড প্রদানকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত যথার্থ হয়েছে মর্মে প্রতীয়মান হয়;

৪। সেহেতু, আপনি জনাব মোহাম্মদ আব্দুল হক, (বিপি-৭৭০৪১০৬৯২১), পুলিশ পরিদর্শক (নিরস্ত্র) দাকোপ থানা, খুলনা (সাবেক অফিসার ইনচার্জ, আড়াইহাজার থানা, নারায়ণগঞ্জ) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩) উপ-বিধি ১(ক) মোতাবেক আগামী "০২ (দুই) বছরের জন্য নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ" গুরদণ্ডাদেশ বহাল রাখা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোহাম্মদ আবদুল মোমেন**
সিনিয়র সচিব।

**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**প্রশাসন-৫ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১১ অগ্রহায়ণ, ১৪৩১/২৬ নভেম্বর, ২০২৪

নং **২৮.০০.০০০০.০১৩.১৪.৭০.২০-২২৩**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী ড. সৈয়দা সুলতানা রাজিয়া পিতা: সৈয়দ আবু আব্বাস-কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

ক. তাঁর চাকরির মেয়াদ হবে ০৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ কার্যভার গ্রহণের তারিখ হতে কার্যকর হবে;

খ. তাঁর চাকরি কমিশনের সার্বক্ষণিক চাকরি হিসাবে বিবেচিত হবে এবং কমিশনে নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোনো চাকরিতে নিয়োজিত হতে পারবেন না;

গ. তিনি যে কোনো সময় ০১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

ঘ. তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;

ঙ. তিনি অর্থ বিভাগের ১৯-০৪-২০১৭ তারিখের পত্র নং-০৭.০০.০০০০.১২৬.০০.০০১.১০-৮৭ অনুসারে মাসিক বেতন হিসাবে নির্ধারিত ৯৫,০০০/- (পঁচানব্বই হাজার) টাকা ও বাড়ি ভাড়া ভাতা বাবদ নির্ধারিত ৫০,৬০০/- (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়া, তাঁর নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন;

চ. নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানি খাতভুক্ত কোনো ব্যবসা পরিচালনা করতে পারবেন না;

ছ. চাকরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ ও পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে, উক্ত বিধি প্রণয়ন না হওয়া পর্যন্ত তা সরকার কর্তৃক নির্ধারিত হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **২৮.০০.০০০০.০১৩.১৪.৭০.২০-২২৪**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী জনাব মোঃ গিয়াস উদ্দিন জোয়ার্দার, পিতা-মৃতঃ চতুর আলী জোয়ার্দার-কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

ক. তাঁর চাকরির মেয়াদ হবে ০৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ কার্যভার গ্রহণের তারিখ হতে কার্যকর হবে;

খ. তাঁর চাকরি কমিশনের সার্বক্ষণিক চাকরি হিসাবে বিবেচিত হবে এবং কমিশনে নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোনো চাকরিতে নিয়োজিত হতে পারবেন না;

গ. তিনি যে কোনো সময় ০১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

ঘ. তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;

ঙ. তিনি অর্থ বিভাগের ১৯-০৪-২০১৭ তারিখের পত্র নং-০৭.০০.০০০০.১২৬.০০.০০১.১০-৮৭ অনুসারে মাসিক বেতন হিসাবে নির্ধারিত ৯৫,০০০/- (পঁচানব্বই হাজার) টাকা ও বাড়ি ভাড়া ভাতা বাবদ নির্ধারিত ৫০,৬০০/- (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়া, তাঁর নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন;

চ. নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানি খাতভুক্ত কোনো ব্যবসা পরিচালনা করতে পারবেন না;

ছ. চাকরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ ও পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে, উক্ত বিধি প্রণয়ন না হওয়া পর্যন্ত তা সরকার কর্তৃক নির্ধারিত হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **২৮.০০.০০০০.০১৩.১৪.৭০.২০-২২৫**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী জনাব মোঃ মিজানুর রহমান, পিতা: মো: সামসুদ্দিন আহমেদ-কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

ক. তাঁর চাকরির মেয়াদ হবে ০৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ কার্যভার গ্রহণের তারিখ হতে কার্যকর হবে;

খ. তাঁর চাকরি কমিশনের সার্বক্ষণিক চাকরি হিসাবে বিবেচিত হবে এবং কমিশনে নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোনো চাকরিতে নিয়োজিত হতে পারবেন না;

গ. তিনি যে কোনো সময় ০১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

ঘ. তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ১১ ধারা প্রযোজ্য হবে;

ঙ. তিনি অর্থ বিভাগের **১৯-০৪-২০১৭** তারিখের পত্র নং-০৭.০০.০০০০.**১২৬**.০০.০০**১**.**১**০-৮৭ অনুসারে মাসিক বেতন হিসাবে নির্ধারিত ৯৫,০০০/- (পঁচানব্বই হাজার) টাকা ও বাড়ি ভাড়া ভাতা বাবদ নির্ধারিত ৫০,৬০০/- (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়া, তাঁর নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন;

চ. নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানি খাতভুক্ত কোনো ব্যবসা পরিচালনা করতে পারবেন না;

ছ. চাকরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ ও পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে, উক্ত বিধি প্রণয়ন না হওয়া পর্যন্ত তা সরকার কর্তৃক নির্ধারিত হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং **২৮.০০.০০০০.০১৩.১৪.৭০.২০-২২৬**—বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী জনাব মোঃ আব্দুর রাজ্জাক, পিতা- মোঃ আজিজুর রহমান-কে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর সদস্য হিসেবে নিম্নে উল্লিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

ক. তাঁর চাকরির মেয়াদ হবে ০৩ (তিন) বৎসর এবং এই মেয়াদ কার্যভার গ্রহণের তারিখ হতে কার্যকর হবে;

খ. তাঁর চাকরি কমিশনের সার্বক্ষণিক চাকরি হিসাবে বিবেচিত হবে এবং কমিশনে নিযুক্ত থাকা অবস্থায় তিনি লাভজনক অন্য কোনো চাকরিতে নিয়োজিত হতে পারবেন না;

গ. তিনি যে কোনো সময় ০১ (এক) মাসের নোটিশ প্রদানপূর্বক রাষ্ট্রপতির উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে পদত্যাগ করতে পারবেন;

ঘ. তাঁর অপসারণের ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর **১১** ধারা প্রযোজ্য হবে;

ঙ. তিনি অর্থ বিভাগের **১৯-০৪-২০১৭** তারিখের পত্র নং-০৭.০০.০০০০.**১২৬**.০০.০০**১**.**১**০-৮৭ অনুসারে মাসিক বেতন হিসাবে নির্ধারিত ৯৫,০০০/- (পঁচানব্বই হাজার) টাকা ও বাড়ি ভাড়া ভাতা বাবদ নির্ধারিত ৫০,৬০০/- (পঞ্চাশ হাজার ছয়শত) টাকা প্রাপ্য হবেন। এছাড়া, তাঁর নিজের ও পরিবারের সদস্যদের জন্য দেশের অভ্যন্তরে চিকিৎসা ব্যয় প্রাপ্য হবেন;

চ. নিয়োগ প্রাপ্তির পর তিনি নিজ নামে বা বেনামে (পোষ্যদের নামে) বিদ্যুৎ ও জ্বালানি খাতভুক্ত কোনো ব্যবসা পরিচালনা করতে পারবেন না;

ছ. চাকরি সংক্রান্ত অন্যান্য শর্ত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ ও পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে প্রণীতব্য বিধি দ্বারা নিয়ন্ত্রিত হবে। তবে, উক্ত বিধি প্রণয়ন না হওয়া পর্যন্ত তা সরকার কর্তৃক নির্ধারিত হবে।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সাইফুল ইসলাম**
সচিব।

---

**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
**অপরিমেয় ঐতিহ্য শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ অগ্রহায়ণ ১৪৩১/২৭ নভেম্বর ২০২৪

নং **৪৩.০০.০০০০.১৩০.৯৯.০০৩.২১.১৪৮**—ননট্যাক্স রেভিনিউ-৩ অধিশাখা, ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ০৪ নভেম্বর ২০২৪ তারিখের স্মারক নং ০৭.০০.০০০০.১৪৫.২২.০০২.২২.১১৮ এর পরিপ্রেক্ষিতে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের জাতীয় আরকাইভস উইংয়ের ফটোকপি, স্ক্যানিং/প্রিন্টিং ও সদস্য ফি, অডিটোরিয়াম ভাড়া ফি এবং জাতীয় গ্রন্থাগার উইংয়ের সামগ্রী গ্রন্থাগার সামগ্রী থেকে ক্যামেরার মাধ্যমে স্ন্যাপ নেওয়া সংক্রান্ত ফি, অডিটোরিয়াম ভাড়া, ফটোকপি, স্ক্যানিং/প্রিন্টিং ও সদস্য সংক্রান্ত ফি ও IBSN সংক্রান্ত ফি এর হার নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো:

**০১। জাতীয় আরকাইভস উইং**

(ক) **ফটোকপি, স্ক্যানিং/প্রিন্টিং ও সদস্য সংক্রান্ত ফি:**

| ক্রমিক নং | ফি এর বিষয় | | ফি/চার্জ (টাকায়) | নবায়ন ফি (টাকায়) |
|---|---|---|---|---|
| ০১। | (ক) ফটোকপি | (১) বই (প্রতি পৃষ্ঠা) | ৫/- | -- |
| | | (২) গেজেট/নথিপত্র (প্রতি পৃষ্ঠা) | ১০/- | -- |
| | | (৩) পত্রিকা (প্রতি পৃষ্ঠা) | ১০/- | -- |

| ক্রমিক নং | ফি এর বিষয় | | ফি/চার্জ (টাকায়) | নবায়ন ফি (টাকায়) |
|---|---|---|---|---|
| | (খ) স্ক্যানিং ও প্রিন্টিং | (১) বই (প্রতি পৃষ্ঠা) | ১০/- | -- |
| | | (২) গেজেট/নথিপত্র (প্রতি পৃষ্ঠা) | ২০/- | -- |
| | | (৩) পত্রিকা (প্রতি পৃষ্ঠা) | ২০/- | -- |
| | (গ) ক্যামেরা স্ন্যাপ | - | ৫- | -- |
| | (ঘ) স্ক্যানিং | - | ১০/- | -- |
| ০২। | পাঠক/গবেষকগণের সদস্য ফি | (১) পাঠক | ১০০/- | ৫০/- |
| | | (২) গবেষক | ৩০০/- | ২০০/- |
| | | (৩) বিদেশি গবেষক | ১০০০/- | ৫০০/- |
| ০৩। | পরিদর্শন ফি (জনপ্রতি) | | ২০/- | |

(খ) **অডিটোরিয়াম ভাড়া সংক্রান্ত ফি:**

| ক্রমিক নং | ফি এর বিষয় | ভাড়া (টাকায়) | ভ্যাট ১৫% | মোট (৩+৪) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১। | জাতীয় আরকাইভস অডিটোরিয়াম ভাড়া (সাউন্ড সিস্টেমসহ) অর্ধ দিবস সকাল-৮টা থেকে দুপুর-১২টা অথবা বিকাল-২টা থেকে সন্ধ্যা-৬টা | ১৫,০০০/- | ২,২৫০/- | ১৭,২৫০/- |
| ০২। | জাতীয় আরকাইভস অডিটোরিয়াম ভাড়া (সাউন্ড সিস্টেমসহ) পূর্ণ দিবস সকাল-৮টা থেকে সন্ধ্যা-৬টা | ২৫,০০০/- | ৩,৭০০/- | ২৮,৭০০/- |
| ০৩। | জামানত (ফেরতযোগ্য) | ১৫,০০০/- | -- | ১৫,০০০/- |
| ০৪। | অফিস সময়ের পর অতিরিক্ত সময় অডিটোরিয়াম ব্যবহারের জন্য ফি (প্রতি ঘণ্টায়) | ১,০০০/- | -- | ১,০০০/- |
| ০৫। | ক. অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (অর্ধ দিবস) | ২,০০০/- | -- | ২,০০০/- |
| | খ. অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (পূর্ণ দিবস) | ৩,০০০/- | | ৩,০০০/- |

**০২। জাতীয় গ্রন্থাগার উইং**

(ক) **গ্রন্থাগার সামগ্রী থেকে ক্যামেরার মাধ্যমে স্ন্যাপ নেওয়া সংক্রান্ত ফি**

| ক্রমিক নং | ফি এর বিষয় | ফি/চার্জ (টাকায়) |
|---|---|---|
| ০১। | ক্যামেরার সাহায্যে গ্রন্থাগার সামগ্রীর ছবি তোলার জন্য ফি (প্রতিটি স্ন্যাপ) | ৫/- |
| ০২। | ব্যবহারকারী কর্তৃক কোনো গ্রন্থাগার সামগ্রীর পাতা কাটা হলে তার জন্য জরিমানা ফি (প্রতি পৃষ্ঠা) | ৭০০/- |

(খ) **অডিটোরিয়াম ভাড়া:**

| ক্রমিক নং | ফি এর বিষয় | ভাড়া (টাকায়) | ভ্যাট ১৫% | মোট (৩+৪) |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১। | জাতীয় গ্রন্থাগার অডিটোরিয়াম ভাড়া (অর্ধ দিবস) সকাল-৮টা থেকে দুপুর-১২টা অথবা বিকাল-২টা থেকে সন্ধ্যা-৬টা | ১০,০০০/- | ১,৫০০/- | ১১,৫০০/- |
| ০২। | জাতীয় গ্রন্থাগার অডিটোরিয়াম ভাড়া (পূর্ণ দিবস) সকাল-৮টা থেকে সন্ধ্যা-৬টা | ১৬,০০০/- | ২,৪০০/- | ১৮,৪০০/- |
| ০৩। | জামানত (ফেরতযোগ্য) | ১০,০০০/- | -- | ১০,০০০/- |
| ০৪। | অফিস সময়ের পর অতিরিক্ত সময় অডিটোরিয়াম ব্যবহারের জন্য ফি (প্রতি ঘণ্টায়) | ১,০০০/- | -- | ১,০০০/- |
| ০৫। | ক. অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (অর্ধ দিবস) | ১,৫০০/- | -- | ১,৫০০/- |
| | খ. অনুষ্ঠান চলাকালীন সময়ে সার্ভিস চার্জ (পূর্ণ দিবস) | ২,৫০০/- | | ২,৫০০/- |

(গ) **ফটোকপি, স্ক্যানিং/প্রিন্টিং ও সদস্য সংক্রান্ত ফি:**

| ক্রমিক নং | ফি এর বিষয় | | ফি/চার্জ (টাকায়) | নবায়ন ফি (টাকায়) |
|---|---|---|---|---|
| ০১। | (ক) ফটোকপি | (১) বই (প্রতি পৃষ্ঠা) | ৫/- | -- |
| | | (২) গেজেট/নথিপত্র (প্রতি পৃষ্ঠা) | ১০/- | -- |
| | | (৩) পত্রিকা (প্রতি পৃষ্ঠা) | ১০/- | -- |
| | (খ) স্ক্যানিং/প্রিন্টিং | (১) বই (প্রতি পৃষ্ঠা) | ১০/- | -- |
| | | (২) গেজেট/নথিপত্র (প্রতি পৃষ্ঠা) | ১৫/- | -- |
| | | (৩) পত্রিকা (প্রতি পৃষ্ঠা) | ১৫/- | -- |
| ০২। | পাঠক/গবেষকগণের সদস্য ফি | (১) পাঠক | ২০০/- | ১০০/- |
| | | (২) গবেষক | ২৫০/- | ১৫০/- |
| | | (৩) বিদেশি গবেষক | ১০০০/- | -- |
| ০৩। | পরিদর্শন ফি (জনপ্রতি) | | ২০/- | -- |

(ঘ) **ISBN সংক্রান্ত ফি:**

| ক্রমিক নং | ফি এর বিষয় | | ফি (টাকায়) |
|---|---|---|---|
| ০১। | ISBN ফি | প্রতি ISBN | ১০০/- |

২। জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপনটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আইরিন আক্তার**
সিনিয়র সহকারী সচিব।

---

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়**

**প্রেস-১ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৫ কার্তিক ১৪৩১/১০ নভেম্বর ২০২৪

নং **১৫.০০.০০০০.০১৯.১১.০০৪.২৪.৩২২**—বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) এর সার্বিক ব্যবস্থাপনা ও প্রশাসনিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য 'বাংলাদেশ সংবাদ সংস্থা আইন, ২০১৮' এর ৭ ও ৮ ধারা মোতাবেক ০৩ (তিন) বছর মেয়াদে নিম্নরূপভাবে পরিচালনা বোর্ড গঠন করা হলো:

**চেয়ারম্যান**

০১. জনাব আনোয়ার আলদীন, বিশেষ প্রতিনিধি, দৈনিক ইত্তেফাক

**পরিচালকবৃন্দ**

০২. যুগ্মসচিব (প্রেস), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা

০৩. অর্থ বিভাগের অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি

০৪. জননিরাপত্তা বিভাগের যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি

০৫. পররাষ্ট্র মন্ত্রণালয়ের যুগ্মসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি

০৬. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৭. ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাসস (পদাধিকারবলে)

০৮. জনাব মোকাররম হোসাইন, সম্পাদক, ডেইলি নিউ নেশন, ঢাকা

০৯. জনাব আলমগীর মহিউদ্দীন, সম্পাদক, দৈনিক নয়া দিগন্ত, ঢাকা

১০. জনাব শিরিন ভরসা, সম্পাদক, দৈনিক যুগের আলো, রংপুর

১১. জনাব ফকরুল আলম কাঞ্চন, চিফ নিউজ এডিটর, এনটিভি

১২. জনাব নূরে আলম মাসুদ, সফটওয়্যার ইঞ্জিনিয়ার ও ওয়েব ডেভলপার, টিম লিড, ব্রায়ান্টস্টুডিও ডিজিটাল মার্কেটিং, ঢাকা

১৩. জনাব ফজলুল হক, বিশেষ প্রতিনিধি, বাংলাদেশ সংবাদ সংস্থা

২। পরিচালনা বোর্ড 'বাংলাদেশ সংবাদ সংস্থা আইন, ২০১৮' এর ৬ ধারার বিধান মোতাবেক দায়িত্ব পালন করবে। এই আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মাসুদ খাঁন**
উপসচিব।

---

**চলচ্চিত্র-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৯ কার্তিক ১৪৩১/০৪ নভেম্বর ২০২৪

নং **১৫.০০.০০০০.০২৭.২৩.০০৬.২৪.৬২৮**—জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২৩ প্রদানের উদ্দেশ্যে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী ২০২৩ পঞ্জিকা বছরে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র মূল্যায়নপূর্বক পুরস্কারপ্রাপকদের নাম সুপারিশ করার জন্য গত ১৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ১৫.০০.০০০০.০২৭.২৩.০০৬.২৪-৫৭৫ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে গঠিত 'জুরি বোর্ড' সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে পুনর্গঠন করা হলো :

**সভাপতি**

১. অতিরিক্ত সচিব (চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

২. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা

৩. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা

৪. চলচ্চিত্র অধিশাখা প্রধান, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

৫. জনাব এস এম ইমরান হোসেন, সহকারী অধ্যাপক এবং চেয়ারম্যান, টেলিভিশন, ফিল্ম ও ফটোগ্রাফী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

৬. জনাব সাঈদুর রহমান সাঈদ, বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক

৭. জনাব মকসুদ জামিল মিন্টু, বিশিষ্ট সংগীত পরিচালক

৮. জনাব বরকত হোসেন পলাশ, বিশিষ্ট চিত্রগ্রাহক

৯. জনাব খাজা নাইম মুরাদ, বিশিষ্ট অভিনেতা

১০. মিস সুচরিতা, বিশিষ্ট অভিনেত্রী

১১. মিস নাজমুন মুনিরা ন্যান্সী, বিশিষ্ট গায়িকা

১২. জনাব ওয়াহিদ সুজন, বিশিষ্ট সাংবাদিক

**সদস্য-সচিব**

১৩. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড, ঢাকা

০২। **জুরি বোর্ডের কার্যপরিধিঃ**

২.১ জুরি বোর্ডের ২০২৩ সালে মুক্তিপ্রাপ্ত চলচ্চিত্র পর্যবেক্ষণপূর্বক পুরস্কারের জন্য চলচ্চিত্র, শিল্পী ও কলা-কুশলীদের নাম সুপারিশ করবে;

২.২ ইতোমধ্যে চলচ্চিত্র আহবান করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ না হয়ে থাকলে পুনর্গঠিত জুরি বোর্ড চলচ্চিত্র আহবান করে বিজ্ঞপ্তি জারি করবে এবং নির্দিষ্ট সময়ের মধ্যে পুরস্কারের বিবেচনার নিমিত্ত চলচ্চিত্র জমা দেওয়ার জন্য অনুরোধ জানাবে;

২.৩ চলচ্চিত্র সংগ্রহ করার পর জুরি বোর্ড সে সব স্ক্রিনিং, পরীক্ষা, পর্যালোচনা ও মূল্যায়ন করে বিবেচ্য বছরের জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য সুপারিশমালা প্রণয়নপূর্বক তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

২.৪ আজীবন সম্মাননা ব্যতীত অন্য সব ক্ষেত্রে শ্রেষ্ঠত্বের বিচারে প্রয়োজনীয় মনে হলে জুরি বোর্ড একাধিক চলচ্চিত্র ও ব্যক্তিকে পুরস্কার প্রদানের জন্য সুপারিশ করতে পারবে;

২.৫ কোনো ক্ষেত্রে জাতীয় পুরস্কারের জন্য যথাযোগ্য মনে না করলে জুরি বোর্ড সেক্ষেত্রে সুপারিশ প্রদান থেকে বিরত থাকতে পারে। তবে এক্ষেত্রে সুপারিশ না করার কারণ উল্লেখ করতে হবে;

২.৬ জুরি বোর্ড পুরস্কারের প্রতিটি ক্ষেত্রে মুখ্য সুপারিশের পাশাপাশি বিকল্প সুপারিশ প্রদান করবে;

২.৭ জুরি বোর্ড পুরস্কারের জন্য সুপারিশকৃত ব্যক্তিদের জীবন-বৃত্তান্ত মন্ত্রিসভা কমিটির সদয় অবগতি ও বিবেচনার জন্য সুপারিশমালার সাথে দাখিল করবে;

২.৮ উপরোক্ত দায়িত্ব সম্পাদনের জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা ও কার্যক্রম; এবং

২.৯ জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদানের সুপারিশমালা প্রণয়নের ক্ষেত্রে জুরি বোর্ড গঠন সংক্রান্ত বিদ্যমান নীতিমালা অনুসরণ করতে হবে।

০৩। **নিম্নবর্ণিত ক্ষেত্রসমূহ পুরস্কার প্রদানের জন্য বিবেচিত হবে:**

| ক্রম | পুরস্কারের ক্ষেত্র | ক্রম | পুরস্কারের ক্ষেত্র |
|---|---|---|---|
| ০১ | আজীবন সম্মাননা | ১৫ | শ্রেষ্ঠ নৃত্য পরিচালক |
| ০২ | শ্রেষ্ঠ চলচ্চিত্র | ১৬ | শ্রেষ্ঠ গায়ক |
| ০৩ | শ্রেষ্ঠ স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র | ১৭ | শ্রেষ্ঠ গায়িকা |
| ০৪ | শ্রেষ্ঠ প্রামাণ্য চলচ্চিত্র | ১৮ | শ্রেষ্ঠ গীতিকার |
| ০৫ | শ্রেষ্ঠ চলচ্চিত্র পরিচালক | ১৯ | শ্রেষ্ঠ সুরকার |
| ০৬ | শ্রেষ্ঠ অভিনেতা প্রধান চরিত্রে | ২০ | শ্রেষ্ঠ কাহিনিকার |
| ০৭ | শ্রেষ্ঠ অভিনেত্রী প্রধান চরিত্রে | ২১ | শ্রেষ্ঠ চিত্রনাট্যকার |
| ০৮ | শ্রেষ্ঠ অভিনেতা পার্শ্ব চরিত্রে | ২২ | শ্রেষ্ঠ সংলাপ রচয়িতা |
| ০৯ | শ্রেষ্ঠ অভিনেত্রী পার্শ্ব চরিত্রে | ২৩ | শ্রেষ্ঠ সম্পাদক |
| ১০ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী খল চরিত্রে | ২৪ | শ্রেষ্ঠ শিল্প নির্দেশক |
| ১১ | শ্রেষ্ঠ অভিনেতা/অভিনেত্রী কৌতুক চরিত্রে | ২৫ | শ্রেষ্ঠ চিত্রগ্রাহক |
| ১২ | শ্রেষ্ঠ শিশু শিল্পী | ২৬ | শ্রেষ্ঠ শব্দগ্রাহক |
| ১৩ | শিশু শিল্পী শাখায় বিশেষ পুরস্কার | ২৭ | শ্রেষ্ঠ পোশাক ও সাজ-সজ্জা |
| ১৪ | শ্রেষ্ঠ সংগীত পরিচালক | ২৮ | শ্রেষ্ঠ মেক-আপম্যান |

০৪। জুরি বোর্ডের কোনো সদস্য অথবা তাঁর পরিবারের কোনো সদস্যের নাম এই বোর্ড কর্তৃক বিবেচ্য বছরে জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য বিবেচনাধীন থাকলে সংশ্লিষ্ট সদস্য আর জুরি বার্ডের সদস্য থাকতে পারবেন না।

০৫। বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

০৬। নীতিমালা অনুযায়ী সুপারিশ প্রণয়ন করে জুরি বোর্ড আগামী ০২ (দুই) মাসের মধ্যে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে প্রতিবেদন দাখিল করবে।

০৭। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সাইফুল ইসলাম**
উপসচিব।

**চলচ্চিত্র-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২০ কার্তিক ১৪৩১/০৫ নভেম্বর ২০২৪

নং **১৫.০০.০০০০.০৪১.৯৯.০২৬.৯৭.৬৩৬**—বাংলাদেশ ফিল্ম আর্কাইভের চলচ্চিত্র সংগ্রহ, সংরক্ষণ, গবেষণা, প্রকাশনা, অধ্যায়ন, সচেতনতা সৃষ্টি ও অন্যান্য কার্যক্রমে বিশেষজ্ঞ সহায়তা, পরামর্শ এবং সুপারিশ প্রদানের নিমিত্ত নিম্নোক্ত ০৭ (সাত) সদস্য বিশিষ্ট বিশেষজ্ঞ কমিটি পুনর্গঠন করা হলো :

**সভাপতি**

০১. মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ

**সদস্যবৃন্দ**

০২. ভাইস-চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড

০৩. উপসচিব (চলচ্চিত্র-২), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

০৪. অধ্যাপক ড. গীতি আরা নাসরীন, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়

